

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী**
**সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।**

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৬২.৩২.০৩২.২৩.২৬৯

তারিখঃ ২২ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ আগষ্ট, ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয় : 'ভিডিপি/টিডিপি মৌলিক প্রশিক্ষণ-১ম ধাপ' ও 'টিডিপি মৌলিক প্রশিক্ষণ (ডিএমএ/সিএমএ)-১ম ধাপ' পরিচালনা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ অর্থ বছরে নিম্নবর্ণিত ছক মোতাবেক ৬৪টি জেলার ৫০০টি উপজেলায়, ঢাকা মহানগর আনসার এবং চট্টগ্রাম মহানগর আনসার-এ উল্লেখিত সূচি ও কোটা অনুযায়ী ১০ কার্যদিবস মেয়াদী **'ভিডিপি/টিডিপি মৌলিক প্রশিক্ষণ-১ম ধাপ' ও 'টিডিপি মৌলিক প্রশিক্ষণ (ডিএমএ/সিএমএ)-১ম ধাপ' আগামী ১৬/০৮/২০২৬খ্রি. তারিখ হতে ২৭/০৮/২০২৬খ্রি. তারিখ পর্যন্ত (শনিবারসহ)** পরিচালনার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**ছক**

| ক্র. নং | প্রশিক্ষণের নাম | প্রশিক্ষণের ইউনিট | তারিখ | প্রশিক্ষণার্থীর কোটা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | ভিডিপি মৌলিক প্রশিক্ষণ-১ম ধাপ | ৬৪টি জেলার ৪৩৬টি উপজেলার (সদর উপজেলা ব্যতিত) যেকোন ০১টি ইউনিয়ন | ১৬/০৮/২০২৬খ্রি. তারিখ হতে ২৭/০৮/২০২৬খ্রি. তারিখ পর্যন্ত (শনিবারসহ) | (৪৩৬টি ইউনিয়ন ×৬৪জন) = ২৭,৯০৪ জন | প্রতি প্রশিক্ষণ কেন্দ্রে ০২ জন (দলনেতা/দলনেত্রী/কমান্ডার/আনসার ব্যাটালিয়ন) সদস্য জেলা কমান্ড্যান্টগণের নির্দেশনা মোতাবেক প্রশিক্ষণে সহায়তা করবেন। |
| ২. | টিডিপি মৌলিক প্রশিক্ষণ-১ম ধাপ | ৬৪টি জেলার ৬৪টি সদর উপজেলা অথবা সংশ্লিষ্ট জেলার সদর উপজেলা ব্যতিত অন্য পৌরসভার যেকোন ০১টি ওয়ার্ড | | (৬৪টি ওয়ার্ড/পৌরসভা × ৬৪ জন) = ৪,০৯৬ জন। | |
| ৩. | টিডিপি মৌলিক প্রশিক্ষণ (ডিএমএ/ সিএমএ)-১ম ধাপ | ০৬টি জোনের (ডিএমএ-০৪টি জোন ও সিএমএ-২টি জোন) প্রতি জোনে ০২টি করে থানা | | (০৬টি জোন×০২টি থানা×৬৪ জন) = ৭৬৮ জন। | |

উল্লেখিত টিডিপি মৌলিক প্রশিক্ষণের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট সদর উপজেলা ব্যতিত জেলার অন্য কোন পৌরসভার মধ্যে কোটা মোতাবেক নির্ধারিত সংখ্যক প্রশিক্ষণার্থীর টিডিপি মৌলিক প্রশিক্ষণ পরিচালনার যৌক্তিকতা রয়েছে মনে করলে, তা পরিচালনা করতে পারবেন। সেক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার সদর উপজেলায় ভিডিপি মৌলিক প্রশিক্ষণ পরিচালনা করতে হবে।

**উল্লেখ থাকে যে, নিম্নবর্ণিত শর্ত ও যোগ্যতার ভিত্তিতে প্রশিক্ষণার্থী বাছাই করতে হবে:**

- শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম এসএসসি পাশ হতে হবে।
- বয়স: ১৮-৩০ বছর (সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে)।
- জাতীয় পরিচয়পত্রধারী হতে হবে।
- প্রশিক্ষণ গ্রহণের জন্য শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে এবং স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করতে আগ্রহী হতে হবে।
- রাষ্ট্রীয় দায়িত্বপালনে প্রতিশ্রুতিবদ্ধ হতে হবে।
- গ্রামে/ ইউনিয়নে/ পৌরসভা/ ওয়ার্ডে স্থায়ীভাবে বসবাসকারী এবং নিজ এলাকায় কর্মসংস্থান আছে (প্রযোজ্য ক্ষেত্রে) এমন ব্যক্তি নির্বাচন করতে হবে।
- তথ্য-প্রযুক্তি ব্যবহারে আগ্রহ ও দক্ষতা থাকতে হবে।
- এলাকায় সুনামের অধিকারী হতে হবে।
- প্রশিক্ষন শুরুর পূর্বেই AVMIS সফটওয়্যারে নিবন্ধন এবং TRGMS এ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ নিশ্চিত করবেন।

এছাড়া সংযুক্ত **'ক্রোড়পত্র-ক'** মোতাবেক প্রশিক্ষণ পরিচালনার নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।**

**সংযুক্ত:** ক্রোড়পত্র- ০১ (এক) পাতা।

৬.৮.২৬
**ফাতেমা-তুজ-জোহরা**
বিএডি: ১২০১১৩
পরিচালক (ভিডিপি প্রশিক্ষণ)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

০১। **জেলা কমান্ড্যান্ট (সকল)**
**বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী**
--------------------------------------------।

০২। **জোন অধিনায়ক (সকল)**
**ঢাকা মহানগর আনসার/চট্টগ্রাম মহানগর আনসার**
----------------------জোন-----------------।

CamScanner

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৬২.৩২.০৩২.২৩. ২৬৯

তারিখঃ ২২ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৬ আগষ্ট, ২০২৬ খ্রিষ্টাব্দ

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| | |
|---|---|
| ১। অতিরিক্ত মহাপরিচালক<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ২। উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | -ঐ- |
| ৩। উপমহাপরিচালক (সংশ্লিষ্ট রেঞ্জ) ও পরিচালক (রেঞ্জের দায়িত্বপ্রাপ্ত)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>---------------------------------------------। | সদয় অবগতি, প্রয়োজনীয় কার্যক্রম ও সমন্বয় করার জন্য সবিনয় অনুরোধ করা হলো। |
| ৪। উপপরিচালক (সমন্বয়) [ পিএস টু ডিজি]<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য। |
| ৫। মনিটরিং শাখা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | অবগতির জন্য। |
| ৬। উপজেলা/থানা আনসার ও ভিডিপি কর্মকর্তা (সকল)<br>.......................................................। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৭। অফিস/মাস্টার কপি। | |

৬.৮.২৬

পরিচালক (ভিডিপি প্রশিক্ষণ)

# ভিডিপি/টিডিপি মৌলিক প্রশিক্ষণ পরিচালনা সংক্রান্ত নির্দেশনা

১। **Registration:**

প্রশিক্ষণে অংশগ্রহণের আগ্রহী প্রার্থীকে প্রথমে Google Play Store থেকে AVMIS App ডাউনলোড করে প্রয়োজনীয় ব্যক্তিগত তথ্য সঠিকভাবে প্রদান করে Registration সম্পন্ন করতে হবে।

২। **Under Scrutiny:**

Registration সম্পন্ন হওয়ার পর সংশ্লিষ্ট Upazila/Thana Ansar & VDP Officer প্রশিক্ষণার্থীর তথ্য যাচাই-বাছাইয়ের জন্য Under Scrutiny-তে প্রেরণ করবেন। এ পর্যায়ে প্রশিক্ষণার্থীর NID তথ্য যাচাই করা হবে।

৩। **Training Pool:**

NID ও অন্যান্য তথ্য সঠিকভাবে যাচাই হওয়ার পর সংশ্লিষ্ট কর্মকর্তা প্রশিক্ষণার্থীকে Training Pool-এ প্রেরণ করবেন। প্রশিক্ষণার্থীকে Training Pool-এ প্রেরণের পূর্বে সকল তথ্য যথাযথভাবে যাচাই করতে হবে।

৪। **Training Center Create:**

সংশ্লিষ্ট Upazila/Thana Ansar & VDP Officer TRGMS Software-এ প্রয়োজনীয় তথ্য প্রদান করে প্রশিক্ষণের Training Center Create করবেন।

৫। **Training Center Assign:**

Training Center Create করার পর Training Pool-এ থাকা প্রশিক্ষণার্থীদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক প্রশিক্ষণার্থী নির্বাচন করে সংশ্লিষ্ট Training Center Assign করতে হবে।

**বিশেষভাবে উল্লেখ্য:** প্রশিক্ষণ শুরু হয়ে যাওয়ার পর কোনো প্রশিক্ষণার্থীর জন্য Training Center Assign করার অপশন/সুযোগ থাকবে না। অতএব, প্রশিক্ষণ শুরুর পূর্বেই সকল প্রশিক্ষণার্থীর Training Center Assign সম্পন্ন করতে হবে।

৬। **তথ্যের নির্ভুলতা নিশ্চিতকরণ:**

Registration থেকে শুরু করে Training Center Assign পর্যন্ত প্রতিটি ধাপে প্রশিক্ষণার্থীর নাম, NID, জন্মতারিখ, মোবাইল নম্বর, MFS **নম্বর নিজের** NID **দিয়ে** Registration করা, ঠিকানা ও অন্যান্য তথ্য সঠিক আছে কিনা সংশ্লিষ্ট কর্মকর্তা নিশ্চিত করবেন। কোনো ভুল তথ্য থাকলে প্রশিক্ষণার্থীকে পরবর্তী ধাপে প্রেরণের পূর্বেই তা সংশোধন করতে হবে।

৭। **ZC/DCA -এর দায়িত্ব:**

সংশ্লিষ্ট ZC/DCA সম্পূর্ণ প্রক্রিয়াটি নিয়মিত Monitor করবেন এবং তাঁর অধীনস্থ জেলা/উপজেলা/থানা পর্যায়ে Registration, Under Scrutiny, Training Pool, Training Center Create এবং Training Center Assign কার্যক্রম যথাযথভাবে ও সময়মতো সম্পন্ন হচ্ছে কিনা তা নিশ্চিত করবেন।

৮। **Training পরিচালনা:**

Training Center Assign সম্পন্ন হওয়ার পর নির্ধারিত Training Center-এ প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হবে। সংশ্লিষ্ট Training OIC প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়গুলো যথাযথভাবে তদারকি করবেন।

৯। **Certificate Generation:**

প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন হওয়ার পর সংশ্লিষ্ট Training OIC TRGMS Software-এর মাধ্যমে প্রশিক্ষণার্থীদের Certificate Generate করবেন।

CamScanner